



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



নং ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩৬৮.১৭-২৩১

তারিখ : ২৪ মার্চ, ২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০-৩২৩, তারিখ-২৪ মার্চ, ২০২০ খ্রি. মোতাবেক করোনা ভাইরাসের সংক্রামন থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে গত ১৮ মার্চ থেকে ৩১ মার্চ, ২০২০ খ্রি. পর্যন্ত সকল ধরনের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়। তারই ধারাবাহিকতায় আগামী ০৯ এপ্রিল, ২০২০ তারিখ পর্যন্ত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল ধরনের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোচিং সেন্টার বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাসের সংক্রামণ থেকে সুরক্ষার লক্ষ্যে সকল শিক্ষার্থী নিজ নিজ বাসস্থানে অবস্থান করবে।

বিষয়টি অতীব জরুরি।


২৪/৩/২০২০

(ড. মোঃ মোরাদ হোসেন মোল্ল্যা)

চেয়ারম্যান

ফোন : ৫৫০০৬৫২১ (অফিস)।

